ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা

ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি ২০১৩-১৪ অর্থ বছর হতে চালু হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগে আক্তান্ত গরীব রোগীদের সনাক্ত করে সমাজসেবা অধিদফতরের জনবল, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় নীতিমালা অনুসরণ করে প্রকৃত দুস্থ ও অসহায় ব্যক্তিদের তালিকা প্রণয়নপূর্বক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগে আক্তান্ত গরীব রোগীদের জন প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে বাজেট প্রাপ্তি সাপেক্ষে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। এর মাধ্যমে আক্রান্ত রোগীর পরিবারের ব্যয়ভার বহনে এবং সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরে আসতে সহায়তা করা হয়।
এখন অনলাইনে আবেদন করা যাচ্ছে.......
আবেদনের পূর্বে নিম্নবর্ণিত নির্দেশিকা ভালভাবে পড়ুন:
ক. আবেদনকারী/রোগীকে বাংলাদেশের নাগরিক হতে হবে; সর্বোচ্চ দুস্থ ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে; আর্থিক অবস্থার ক্ষেত্রে: শিশু, নিঃস্ব, উদ্বাস্তু ও ভূমিহীনকে ক্রমানুসারে অগ্রাধিকার দেয়া হবে; সামাজিক অবস্থার ক্ষেত্রে: বয়োজ্যেষ্ঠ, বিধবা, তালাকপ্রাপ্তা, বিপত্নীক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিদেরকে ক্রমানুসারে অগ্রাধিকার দেয়া হবে; প্রযোজ্য ক্ষেত্রে ভূমিহীন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে; এ ক্ষেত্রে বসতবাড়ী ব্যতীত কোন ব্যক্তির জমির পরিমাণ ০.৫০ একর বা তার কম হলে তিনি ভূমিহীন বলে গণ্য হবেন।

খ. আবেদনের সাথে নিম্নবর্ণিত প্রত্যয়ন পত্র, ব্যবস্থাপত্র/টেস্ট রিপোর্ট ও তথ্যাদি সংযুক্ত করে পূর্ণাঙ্গ আবেদন অবশ্যই সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ে দাখিল করতে হবে:

১. নির্ধারিত ফরমে রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক প্রদেয় সংশ্লিষ্ট রোগের প্রত্যয়ন পত্রের মূলকপি সংযুক্ত করতে হবে;

২. ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগে আক্রান্ত রোগীকে অবশ্যই সংশ্লিষ্ট রোগের বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তারের নিম্নবর্ণিত ব্যবস্থাপত্র ও টেস্ট রিপোর্ট আবেদনের সাথে জমা দিতে হবে:

২. ১. ক্যান্সার রোগের ক্ষেত্রে Histopathology /Cytopahtology/Bone Marrow Report বা অন্যান্য টেস্ট রিপোর্ট;

২. ২. কিডনী রোগের ক্ষেত্রে Acute Renal Failure অথবা Chronic Renal Failure এ আক্রান্ত ডায়ালাইসিস সেবা নিচ্ছে, কিডনী প্রতিস্থাপনের প্রস্তুতি নিচ্ছে অথবা কিডনী প্রতিস্থাপন করেছে এমন রোগীদেরকে প্রযোজ্য রিপোর্ট এবং রক্তে ইউরিয়া ও ক্রিয়েটিনের মাত্রার রিপোর্ট;

২. ৩. লিভার সিরোসিস রোগের ক্ষেত্রে লিভারের আল্ট্রাসনোগ্রাম রিপোর্ট;

২. ৪. স্ট্রোকে প্যারালাইজড আক্রান্ত রোগীকে নিউরোলজিষ্ট কর্তৃক প্রত্যায়িত হতে হবে এবং MRI/CT Scan Report রিপোর্ট;

২. ৫. জন্মগত হৃদরোগের ক্ষেত্রে Echo Cardiogram রিপোর্ট;

৩. রোগীর জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ৩কপি সত্যায়িত ফটো;

৪. রোগীর বয়স আবেদনের তারিখে ১৮ বছরের কম/ মূমূর্ষ অবস্থায় থাকলে তার বৈধ অভিভাবক আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি; এবং সদ্য তোলা ৩কপি সত্যায়িত ফটো।

## অনলাইনে আবেদন করুন: www.welfaregrant.gov.bd

আবেদন ফরম (pdf) (আবেদন ফরমসহ আনুসাঙ্গিক কাগজপত্র ও প্রত্যয়ন পত্র পূরণ করে ০২(দুই) কপি নিজ নিজ জেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য, বছরের যে কোন সময়ে জেলা সমাজসেবা কার্যালয়গুলোতে আবেদন জমা দেয়া যাবে। সমাজসেবা অধিদফতরে সরাসরি আবেদন প্রেরণের সুযোগ নেই।

বাস্তবায়ন নীতিমালা (২০১৫-১৬) (নুতন)

বাস্তবায়ন নীতিমালা (২০১৩-১৩) (পুরাতন)
pdf Cancer_Manual_2014 (1).pdf